

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পাসপোর্ট অফিস, বরগুনা

সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZEN's CHARTER)

সেবার নাম : ই-পাসপোর্ট ইস্যু

সেবা প্রদান প্রক্রিতি : অনলাইনে আবেদন করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্র :

১. অনলাইনে পূরণকৃত আবেদন এক (১) কপি। হাতে লেখা আবেদন গ্রহণযোগ্য নয়।
২. ২০ বছরের উর্দে বয়স হলে এক (১) কপি জাতীয় পরিচয়পত্র (NID), ১৮ বছরের নিচে বয়স হলে ডিজিটাল জন্মনিবন্ধন (BRC), ১৮ থেকে ২০ বছর বয়সীদের জন্য জাতীয় পরিচয়পত্র না থাকলে ডিজিটাল জন্ম নিবন্ধন(NID/BRC)।
৩. অপ্রাপ্ত বয়সীদের (১৮ বছরের কম বয়স্কদের) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র এক (১) কপি করে।
৪. জাতীয় পরিচয়পত্র (NID) ও ডিজিটাল জন্মসনদের (BRC) মূলকপি অবশ্যই সাথে আনতে হবে।
৫. পাসপোর্ট ফি জমাদানের এ-চালানের কপি।
৬. মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশনে কর্মরত ব্যক্তিদের জন্য আবেদনকারীর অনুকূলে প্রদত্ত অনাপত্তি সনদ (NOC/GO) ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শিত থাকতে হবে। আবেদন জমার সময় এক (১) কপি সাথে আনতে হবে। আরও আনতে হবে এক ( ১) সেট আবেদনপত্র, জাতীয় পরিচয় পত্র ১ কপি, ব্যাংক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
৭. সরকারী কর্মকর্তা/কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রী এর ক্ষেত্রে ওয়েব সাইটে প্রদর্শিত মূল অনাপত্তি সনদ (NOC), আবেদনপত্র এক (১) সেট, জাতীয় পরিচয় পত্র /জন্ম নিবন্ধন( BRC, ১৮ বছরের কম বয়স হলে), ব্যাংক চালানের কপি।

৮. সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ১৫ বছরের কম বয়সী নির্ভরশীল সন্তানের ক্ষেত্রে ওয়েব সাইটে প্রদর্শিত মূল অনাপত্তি সনদ (NOC), আবেদন পত্র ১ সেট, ডিজিটাল জন্ম নিবন্ধন এর কপি(BRC), ব্যাংক চালানের কপি।

৯. অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারীদের নির্ভরশীল স্বামী/স্ত্রীর ক্ষেত্রে ১ সেট আবেদন, অবসর আদেশ/পেনশন বইয়ের ফটোকপি (মূলকপি সাথে অবশ্যই আনতে হবে), ব্যাংক চালানের কপি।

১০. দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক জারীকৃত আদেশ।

১১. পূর্বে এমআরপি পাসপোর্ট থাকলে :

ক) তথ্য পরিবর্তন না হলে পাসপোর্টের ফটোকপি, আবেদন পত্র, ব্যাংক চালানের কপি।

খ) তথ্য পরিবর্তন হলে পরিবর্তিত তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজসহ পাসপোর্টের ফটোকপি, আবেদন পত্র, ব্যাংক চালানের কপি, ডিআইপি ফরম-২ এক কপি। সুরক্ষা সেবা বিভাগের ৫৮.০০.০০০.০৪৩.৩২.০০৭.১৭(অংশ).৬৩, ২৮ এপ্রিল' ২০২১ ও ৫৮.০০.০০০.০৪৩.৩২.০০২.১৮(অংশ).২১৭, ০৯ ডিসেম্বর' ২০২১ পরিপত্র মোতাবেক প্রয়োজনীয় ডকুমেন্ট দিতে হবে।

গ) হারানো পাসপোর্টের ক্ষেত্রে মূল জিডি দাখিল করতে হবে।

ঘ) স্বামী/স্ত্রীর নাম অন্তর্ভুক্তির ক্ষেত্রে বিবাহ সনদ/কাবিননামা এর কপি। বিবাহ বিচ্ছেদের ক্ষেত্রে তালাকনামা এর কপি।

১২. ০৬ বছরের কম বয়সী শিশুদের জন্য ৩- R সাইজের ল্যাব প্রিন্ট ছবি। সাদা ব্যাকগ্রাউন্ডে, রঙিন পোশাকে।

প্রয়োজনীয় ফি (১৫% ভ্যাট সহ)

পৃষ্ঠা সংখ্যা	মেয়াদ	বিতরণের ধরন		
		সাধারণ	জরুরী	অতিব জরুরী
৪৮ পৃষ্ঠা	৫ বছর	৪০২৫ টাকা	৬৩২৫ টাকা	৮৬২৫ টাকা
	১০ বছর	৫৭৫০ টাকা	৮০৫০ টাকা	১০৩৫০ টাকা

৬৪ পৃষ্ঠা	৫ বছর	৬৩২৫ টাকা	৮৬২৫ টাকা	১২০৭৫ টাকা
	১০ বছর	৮০৫০ টাকা	১০৩৫০ টাকা	১৩৮০০ টাকা

এ-চালানের মাধ্যমে ফি দিতে হবে।

অতি জরুরি পাসপোর্ট আবেদনের সাথে পুলিশ ক্লিয়ারেন্স জমা দিতে হবে। এই পাসপোর্ট টাকা হতে সংগ্রহ করতে হবে।

১৮ বছরের নিচে ও ৬৫ বছরের উপরের সকল আবেদনকারীর পাসপোর্টের মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর।

সাধারণ পাসপোর্ট প্রাপ্তির সময় সীমা ১৫ কর্মদিবস, জরুরী পাসপোর্টের ক্ষেত্রে ৭ কর্মদিবস (যথাসময়ে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ও রি-ইস্যু আবেদনের ক্ষেত্রে কোন তথ্য পরিবর্তন না থাকলে।)

নির্ধারিত ফরমে ট্রাটিমুক্ত আবেদন, নির্ধারিত পদ্ধতিতে ফি পরিশোধ, প্রয়োজনীয় দালিলিক প্রমাণাদি জমাকরণ ও মূল দালিলিক প্রমাণাদির মূল সনদ সঙ্গে রাখার জন্য আবেদনকারীদের অনুরোধ করা হচ্ছে।

আবেদনকারীদের সকল অভিযোগ ও সেবা প্রাপ্তিতে অসন্তুষ্টির ক্ষেত্রে সহকারী পরিচালকের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। কক্ষ নং ২০১, আঞ্চলিক পাসপোর্ট অফিস, বরগুনা। মোবাইল ০১৭৩৩৩৯৩৩৭৮।

আবেদনের ওয়েবসাইট [www.epassport.gov.bd](http://www.epassport.gov.bd)

সকল নির্দেশনা ওয়েবসাইটে পাওয়া যাবে।

অধিদপ্তরের ওয়েবসাইট লিংক [www.dip.gov.bd](http://www.dip.gov.bd)